# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date: 22.08.2024 Time: 7.35A.M.**

১/ RG KAR মেডিক্যাল  কলেজে চিকিৎসক ধর্ষণ ও খুনের ঘটনায় CBI  আজ সুপ্রিম কোর্টে ‘স্টেটাস রিপোর্ট’ জমা দেবে। # প্রধান বিচারপতির বেঞ্চে আজই মামলাটির ফের শুনানি হওয়ার কথা।

২/ সুপ্রিম কোর্টের নির্দেশ মতো সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্ম থেকে নির্যাতিতার ছবি, ভিডিও অবিলম্বে সরাতে বলেছে ইলেকট্রনিক্স ও তথ্য প্রযুক্তি মন্ত্রক।

৩/ জুনিয়ার চিকিৎসকদের দাবি মতো RG KAR হাসপাতালের চার আধিকারিককে সরিয়ে দিয়েছে রাজ্য সরকার। # এক বৈঠকে, রাজ্যের সরকারি মেডিক্যাল কলেজ ও হাসপাতালগুলিতে নিরাপত্তা ব্যবস্থা খতিয়ে দেখা হয়েছে।

৪/ RG KAR কান্ডের প্রতিবাদে বিজেপি আজ স্বাস্থ্যভবন অভিযানের ডাক দিয়েছে।

৫/ ডুরান্ড কাপের কোয়ার্টার ফাইনাল থেকে বিদায় নিয়েছে ইস্টবেঙ্গল।

********************************************************************

RG KAR মেডিকেল কলেজে কর্তব্যরত অবস্থায় তরুণী PGT চিকিৎসকের ধর্ষণ ও খুনের ঘটনায় সিবিআই আজ সুপ্রিম কোর্টে ‘স্ট্যাটাস রিপোর্ট’ জমা দেবে।  প্রধান বিচারপতি ডি ওয়াই চন্দ্রচূড়, বিচারপতি জে বি পারদিওয়ালা এবং বিচারপতি মনোজ মিশ্রের গ্রহণ করা স্বতঃপ্রণোদিত মামলার আজ ফের শুনানি হবে।

********************

ইলেকট্রনিক্স ও তথ্য প্রযুক্তি মন্ত্রক, সুপ্রিম কোর্টের নির্দেশ মেনে সমস্ত সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্ম থেকে RG KAR কান্ডে নিহত চিকিৎসকের ছবি, ভিডিও ক্লিপ সহ নাম ঠিকানা সরিয়ে ফেলতে বলেছে। অবিলম্বে এই নির্দেশ কার্যকর করতে সোশ্যাল মিডিয়া

কোম্পানীগুলিকে বলা হয়েছে। সুপ্রিম কোর্টের রায় না মানলে সংশ্লিষ্ট সংস্থার বিরুদ্ধে বিধিবদ্ধ পদক্ষেপ করা হবে বলেও জানিয়েছে মন্ত্রক।

*******************

এদিকে, সুপ্রিম কোর্টের নির্দেশে CISF-এর একটি দল গতকাল RG KAR হাসপাতালে যায়। DIG পদমর্যাদার আধিকারিকও ওই দলে ছিলেন। পুলিশ, হাসপাতাল কর্তৃপক্ষ এবং আন্দোলনকারীদের সঙ্গে কথা বলেন তারা। পরে CISF-এর DIG প্রতাপ সিং, হাসপাতালের নিরাপত্তা ব্যবস্থার রূপরেখা স্থির করতে অধ্যক্ষ সুহৃতা পালের সঙ্গে বৈঠক করেন। কথা বলেন, লালবাজারের আধিকারিকদের সঙ্গেও।

জানা গেছে, আজ থেকেই কেন্দ্রীয় বাহিনীর জওয়ানরা RG KAR হাসপাতালে নিরাপত্তার দায়িত্ব নেবেন। মোতায়েন করা হবে দুই কোম্পানী CISF জওয়ান। বাহিনীর উপ-মহানির্দেশক আজ কলকাতা আসছেন।

এদিকে, হাসপাতালের প্রাক্তন অধ্যক্ষ সন্দীপ ঘোষকে টানা ৬ দিন সিজিও কমপ্লেক্সে জেরা করা হয়েছে। CBI-এর তলবে RG KAR-এর মেডিকেল সুপার কাম ভাইস প্রিন্সিপাল MSVP বুলবুল মুখোপাধ্যায় হাজিরা দেন। তাকেও জিজ্ঞাসাবাদ করা হয়।

অন্যদিকে, এই ঘটনার প্রেক্ষিতে রাজ্যপাল সি ভি আনন্দ বোস, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীকে চিঠি পাঠাবেন। গতসন্ধ্যায় দিল্লি থেকে ফিরে সরাসরি তিনি নির্যাতিতার বাড়ি যান। মা-বাবা ছাড়াও পরিবারের অন্যান্য সদস্যদের সঙ্গে কথা বলেন তিনি। পরে সাংবাদিকদের জানান, বিভিন্ন সূত্র থেকে যে তথ্য তিনি পেয়েছেন, তার ভিত্তিতেই এই চিঠি।

(বাইট- রাজ্যপাল)

*******************

রাজ্য সরকার RG KAR-এর আন্দোলনরত পড়ুয়াদের দাবি মেনে হাসপাতালের চার শীর্ষ আধিকারিককে সরিয়ে দিয়েছে। স্বাস্থ্য সচিব নারায়ণ স্বরূপ নিগম গতকাল সাংবাদিকদের জানান, হাসপাতালের নতুন অধ্যক্ষ সুহৃতা পাল, MSVP বুলবুল মুখোপাধ্যায়, চেস্ট মেডিসিন বিভাগের প্রধান অরুণাভ দত্ত চৌধুরী এবং অ্যাসিস্ট্যান্ট সুপারকে তাদের পদ

থেকে সরিয়ে দেওয়ার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। তিনি আরও বলেন, প্রাক্তন অধ্যক্ষ সন্দীপ ঘোষকে ন্যাশনাল মেডিকেল কলেজের প্রিন্সিপাল হিসেবে নিয়োগের যে সিদ্ধান্ত হয়েছিল, তাও বাতিল করা হচ্ছে। আন্দোলন প্রত্যাহার করে স্বাভাবিক অবস্থায় ফিরিয়ে আনার আহ্বান জানিয়েছেন, স্বাস্থ্য সচিব।

RG KAR-এর নতুন অধ্যক্ষ হচ্ছেন মানস কুমার বন্দ্যোপাধ্যায়। সুপার পদে এলেন সপ্তর্ষি চট্টোপাধ্যায়।

যদিও আন্দোলনকারীরা সরকারের এই বক্তব্যে সন্তুষ্ট নন। মৌখিক নির্দেশের বদলে লিখিত আদেশনামার দাবি জানানো হয়েছে। পাশাপাশি সন্দীপ ঘোষকে কোনো প্রশাসনিক কাজে যোগ দিতে না দেওয়ার'ও দাবী তুলেছেন তাঁরা।

********************

কয়েকজন আধিকারিককে বদল করে RG KAR-এর আন্দোলন ধামাচাপা দেওয়া যাবে না বলে, বিজেপি হুঁশিয়ারি দিয়েছে। দলের রাজ্যসভার সাংসদ তথা রাজ্য মুখপাত্র শমীক ভট্টাচার্য বলেন, চিকিৎসকরা নিরাপত্তাহীনতায় ভুগছেন। রাজ্যের মানুষ বিচার চাইছেন।

(বাইট- শমীক )

********************

RG KAR মেডিকেল কলেজ হাসপাতালের প্রাক্তন অধ্যক্ষ সন্দীপ ঘোষের বিরুদ্ধে আর্থিক নয়ছয়ের অভিযোগে ইডি-কে দিয়ে তদন্তের দাবিতে কলকাতা হাইকোর্টে মামলা দায়ের হয়েছে। ওই হাসপাতালের প্রাক্তন ডেপুটি সুপার আখতার আলি গতকাল এই দাবিতে বিচারপতি রাজর্ষি ভরদ্বাজের দৃষ্টি আকর্ষণ করেন। এছাড়াও আর জি করে আর্থিক দুর্নীতির অভিযোগ তুলে এক আইনজীবী, প্রধান বিচারপতির ডিভিশন বেঞ্চের দৃষ্টি আকর্ষণ করলে, মামলা দায়েরের অনুমতি দেন প্রধান বিচারপতি টি এস শিবজ্ঞানম।

এদিকে, পশ্চিমবঙ্গে স্বাস্থ্য দফতরে যে দুর্নীতিগ্রস্ত ব্যক্তিদের মদত দেওয়া হয়, তা আখতার আলির আবেদন স্পষ্ট হয়ে গেছে বলে কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী মন্তব্য

করেছেন। তিনি বলেন, এব্যাপারে রাজ্য সরকার কেন নিরুত্তর, তারও তদন্ত হওয়া উচিত।

(বাইট – অধীর)

********************

রাজ্যের সরকারি মেডিকেল কলেজ এবং হাসপাতালগুলিতে নিরাপত্তা ব্যবস্থা সহ সার্বিক পরিস্থিতি খতিয়ে দেখতে রাজ্য সরকার গতকাল বৈঠকে বসে।

স্বাস্থ্য প্রতিমন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য ভার্চুয়ালি রাজ্যের বিভিন্ন মেডিকেল কলেজের অধ্যক্ষ এবং বিভাগীয় প্রধানদের সঙ্গে এই বৈঠক করেন। আরজি কর-এর ঘটনার পর হাসপাতালগুলির নিরাপত্তা ব্যবস্থা সহ বিভিন্ন বিষয়ে সুপ্রিম কোর্টের দেওয়া রায়ের ভিত্তিতে এই বৈঠকে কথা হয়েছে বলে জানা গেছে।

********************

RG KAR-এর ঘটনার পর রাজ্যের অন্যান্য মেডিক্যাল কলেজগুলিতেও কোনও আর্থিক অনিয়ম রয়েছে কিনা রাজ্য সরকার তা খতিয়ে দেখছে। স্বরাষ্ট্র দফতর ইতিমধ্যে আর্থিক অনিয়মের কোন অভিযোগ উঠেছে কিনা সে বিষয়ে স্বাস্থ্য দফতরের কাছ থেকে রিপোর্ট তলব করেছে। টেন্ডার বন্টন বা নতুন নির্মাণের বরাত দেওয়ার সময় সতর্ক থাকতে বলা হয়েছে।

বিভিন্ন মেডিক্যাল কলেজে ওষুধ, রোগীদের খাবার, নির্মাণ কাজ বা মেডিক্যাল বর্জ্য ব্যবস্থাপনার টেন্ডার ঘিরে হাসপাতালের কর্তাদের বিরুদ্ধে অনিয়মের অভিযোগ ওঠায়, এই ধরনের টেন্ডার কারা পেয়েছেন, কোন পদ্ধতিতে তা বিলি হয়েছে এবং নথিপত্র ঠিকঠাক রয়েছে কি না সে বিষয়ে সবিস্তারে খোঁজ নিতে বলা হয়েছে। কোনরকম অনিয়মের তথ্য ধরা পড়লে তৎক্ষণাৎ স্বরাষ্ট্র দফতরকে জানাতে হবে।

********************

RG KAR ইস্যু নিয়ে সমাজের সর্বস্তরে প্রতিবাদের ঝড় উঠেছে। বিভিন্ন নাগরিক সংগঠনের পাশাপাশি বিরোধী রাজনৈতিক দলগুলিও আন্দোলনের তীব্রতা বাড়িয়েছে।

গতকাল সিজিও কমপ্লেক্স থেকে জুনিয়ার ডক্টর্সদের একটি বিরাট মিছিল স্বাস্থ্য ভবনে যায়। সঙ্গে ছিলেন সিনিয়ার চিকিৎসকরাও। মিছিল থেকেই হাসপাতালের নতুন অধ্যক্ষ সুহৃতা পালের বিরুদ্ধে ক্ষোভ উগরে দেন আন্দোলনকারীরা। আগামী দিনে বৃহত্তর আন্দোলনের ডাক দিয়েছেন তারা।

এদিকে, বিজেপি শ্যামবাজারে পাঁচ দিনের ধর্ণা শুরু করেছে। দুপুর ১২-টা থেকে রাত ৯-টা পর্যন্ত চলবে এই কর্মসূচী। ধর্ণা মঞ্চ থেকে দলের রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার বলেন, রাজ্যের বর্তমান সরকারকে অপসারিত না করা পর্যন্ত বাংলার মহিলারা সুরক্ষিত নন। RG KAR-এর ঘটনায় উপযুক্ত বিচারের পাশাপাশি প্রকৃত অপরাধিদের মৃত্যুদন্ড সুনিশ্চিত না হওয়া পর্যন্ত লড়াই চলবে। দলের পক্ষ থেকে আজ স্বাস্থ্য ভবন অভিযানের যে ডাক দেওয়া হয়েছে, সমাজের সর্বস্তরের মানুষকে তাতে যোগ দেওয়ার আহ্বান জানান তিনি।

(বাইট- সুকান্ত )

এদিকে, বিজেপি-র এই স্বাস্থ্যভবন অভিযানকে কটাক্ষ করেছেন, তৃণমূল কংগ্রেসের মুখপাত্র কুণাল ঘোষ। সিবিআই–এর হাতে তদন্ত থাকলেও কি কারণে স্বাস্থ্য ভবন অভিযান করা হচ্ছে, তা নিয়ে প্রশ্ন তোলেন তিনি।

(বাইট- কুণাল )

অন্যদিকে, বিজেপি-র সাংস্কৃতিক সেল গতকাল মৌলালী থেকে ডোরিনা ক্রসিং পর্যন্ত মশাল মিছিল করে। মুখ্যমন্ত্রীর পদত্যাগের দাবি লেখা কালো টি-শার্ট পরে মিছিলে অংশ নেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারি সহ অন্যান্যরা।

এই ঘটনার ন্যায় বিচার ও প্রকৃত দোষীদের গ্রেফতারের দাবিতে কংগ্রেসের লালবাজার অভিযানকে ঘিরে ধুন্ধুমার বাধে। মিছিল কলেজ স্কোয়ার থেকে যাওয়ার সময় ফিয়ার্স লেনে পুলিশ তা আটকে দিলে দলের কর্মী সমর্থকদের সঙ্গে পুলিশের বাক্-বিতন্ডা শুরু হয়। বেধে যায় হাতাহাতি। আব্দুল মান্নান, সন্তোষ পাঠক সহ বেশ কয়েকজন কর্মী সমর্থককে আটক করা হয়। CPIM নেতা সুজন চক্রবর্তীর নেতৃত্বে বের হয় প্রতিবাদ মিছিল ।

রাজারহাটে তথ্য প্রযুক্তি কর্মীরা, কলকাতা বিশ্ববিদ্যালয়ের সামনে পড়ুয়া, হাইকোর্ট চত্বরে আইনজীবী, মিত্র ইনস্টিটিউশনের মেন গেটে প্রতিবাদী শিক্ষক, নিহত বরুণ

বিশ্বাসের ছাত্র-ছাত্রীরা কোন রকম রাজনৈতিক ব্যানার ছাড়াই প্রতিবাদে বিক্ষোভ সামিল হন।

বৃষ্টি মাথায় নিয়েই যাদবপুরে চলে বিক্ষোভ কর্মসূচী।

আর জি কর কান্ডে বিচার চেয়ে গতকাল পথে নামেন নৃত্যশিল্পী ডোনা গঙ্গোপাধ্যায় ও সৌরভ কন্যা সানা। নিজের নাচের স্কুলের ছাত্রীদের নিয়ে পদযাত্রা করেন তিনি।

*******************

RG KAR-এর ঘটনার প্রেক্ষিতে বিভিন্ন দিকে আন্দোলন ছড়িয়ে পড়ায় রাজ্য সরকার, সচিবালয় নবান্নের নিরাপত্তা বৃদ্ধি করেছে। ইতিমধ্যে বেশ কয়েকটি সংগঠনের তরফে নবান্ন অভিযানের ডাক দেওয়ায় গতকাল থেকে সেখানকার নিরাপত্তায় অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়েছে। নবান্নের ভিতরে প্রবেশের ক্ষেত্রে সকলকে জিজ্ঞাসাবাদ করা হচ্ছে বলে জানা গেছে।।

*******************

রাজ্যের শ্রমদপ্তর, সম্প্রতি কর্ম সংবাদ নামের একটি পোর্টাল সম্প্রতি চালু করেছে। বিভিন্ন সংস্থাকে তাদের প্রয়োজন মত শ্রমিকের সুলুক সন্ধান দিতে এই পোর্টালটি কাজ করবে।

রাজ্যের শিল্প বাণিজ্য মন্ত্রী ডক্টর শশী পাঁজা জানিয়েছেন, পোর্টালে বিভিন্ন প্রতিষ্ঠান থেকে পাশ করা ছাত্রছাত্রীদের ডেটাবেস থাকবে। সংস্থাগুলি তাদের প্রয়োজন মত কর্মী এদের মধ্যে থেকে বেছে নিতে পারবেন। পাশাপাশি নিয়োগের ক্ষেত্রে রাজনৈতিক হস্তক্ষেপের অভিযোগও এড়ানো সম্ভব হবে।

*******************

কলকাতার আনন্দপুর থানা এলাকার নোনাডাঙ্গার কাছে গতকাল সকালে ঝোপের মধ্যে থেকে এক মহিলার রক্তাক্ত মৃতদেহ উদ্ধারকে কেন্দ্র করে ব্যাপক চাঞ্চল্য ছড়ায়। তুলনামূলকভাবে ফাঁকা ওই জায়গায় কোনো আলোর ব্যবস্থা ছিলনা।

জানা গেছে, মৃতার নাম রেহানা খাতুন। তিনি নারকেলডাঙা এলাকার বাসিন্দা। পাঁচ বছরের ছেলেকে নিয়ে গাড়িতে করে তিনি তোপসিয়ায় আত্মীয়ের বাড়িতে যান। গাড়ির চালক ইমতিয়াজ আলি এবং ভিকি শর্মা নামে এক ব্যক্তি এই খুনের সঙ্গে যুক্ত বলে পুলিশ জানিয়েছে। শিশুটির এখনো কোনো খোঁজ মেলেনি। পুলিশ অভিযুক্ত দুজনকেই গ্রেপ্তার করেছে।

********************

ইস্টবেঙ্গল, ডুরান্ড কাপের কোয়ার্টার ফাইনাল থেকে বিদায় নিয়েছে। গতকাল শিলং-এ ইস্টবেঙ্গল শিলং লাজং-এফ সি-র কাছে ২/১ গোলে হেরে যায়।

********************

ডুরান্ড কাপের সেমিফাইনাল ও ফাইনাল, যুবভারতী ক্রীড়াঙ্গণেই অনুষ্ঠিত হবে। সল্টলেকের যুবভারতী ক্রীড়াঙ্গণে ২৫ ও ২৭শে আগস্ট দুটি সেমিফাইনাল এবং ৩১শে আগস্ট হবে ফাইনাল। রাজ্য পুলিশের অনুমতি পাওয়ায় কলকাতায় খেলা আয়োজন করা হবে বলে ডুরান্ড কাপ কিমিটির পক্ষ থেকে গতকাল জানানো হয়েছে।

*************************************************************